

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২৪ জানুয়ারি ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৪/০১/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এবং সহকারী পরিচালক জনাব সাফিয়া সুলতানা এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার মকিমাবাদ ও চরামদি বাজার এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী মকিমাবাদ বাজার এলাকার মিথিলা ভ্যারাইটিজ স্টোরকে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ১,০০০/- টাকা, হাসান স্টোরকে পণ্যের মোড়কে খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না করা এবং মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৩৮ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকাসহ সর্বমোট ৪,০০০/- টাকা জরিমানা আরোপ করেন। অপরদিকে জনাব সাফিয়া সুলতানা মকিমাবাদ বাজার এলাকায় খান স্টোরকে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ২,০০০/- টাকা, নবাব মেডিকেল হলকে নির্ধারিত মূল্য অপেক্ষা বেশি মূল্যে ঔষধ বিক্রয়ের অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪০ ধারা অনুযায়ী ৩০০০/- টাকা এবং চরামদি বাজার এলাকায় জান্নাত এন্টারপ্রাইজকে পণ্যের মোড়কে খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ধারা অনুযায়ী ১,০০০/- টাকাসহ সর্বমোট ৬,০০০/- টাকা জরিমানা আরোপ করেন। আজকের ০২ টি অভিযানে ০৫ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১০,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। এপিবিএন-১০ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

২৪-১-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ইমেইল: dd-
barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা ।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল ।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল ।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল ।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল ।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয় ।
- ৭) অফিস কপি ।